বণিক বার্তা

সেমিনারে বক্তারা

# কৃষিজমি রক্ষায় দরকার পরিকল্পিত নগরায়ণ

নিজস্ব প্রতিবেদক | ২০১৬-০৫-১৩ ইং

---

জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে কৃষিজমির পরিমাণ হ্রাস পাচ্ছে। আবাদি জমিতে গড়ে উঠছে বিক্ষিপ্ত বসতি। যার যখন যেভাবে ইচ্ছা বসতি গড়ছে। ফলে কমে যাচ্ছে কৃষিজমির পরিমাণ ও উত্পাদন। এভাবে চলতে থাকলে ২০৫০ সালের মধ্যে বড় ধরনের বস্তিতে পরিণত হবে বাংলাদেশ। তাই কৃষিজমির সুরক্ষা ও জীবনযাত্রার উন্নয়ন নিশ্চিতে প্রয়োজন পরিকল্পিত নগরায়ণ। বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) গতকাল আয়োজিত 'কমপ্যাক্ট টাউনশিপ: সমন্বিত নগর ও গ্রামীণ উন্নয়ন পরিকল্পনা' শীর্ষক এক গোলটেবিল বৈঠকে এসব কথা বলেন বক্তারা। বুয়েট নগর ও অঞ্চল পরিকল্পনা (ইউআরপি) বিভাগ এবং কমপ্যাক্ট টাউনশিপ ফাউন্ডেশন (সিটি ফাউন্ডেশন) যৌথভাবে বৈঠকটির আয়োজন করে।

বুয়েটে ইউআরপি বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. ইশরাত ইসলামের সঞ্চালনায় এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক সচিব ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা আব্দুল মুয়ীদ চৌধুরী। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিটি ফাউন্ডেশনের সভাপতি অধ্যাপক ড. সেলিম রশিদ। সভাপতির বক্তব্যে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ড. আকবর আলি খান বলেন, চাষের জমি রাখতে হলে কমপ্যাক্ট টাউনশিপের দরকার আছে। জমির সদ্ব্যবহার করতে পারলে তা কৃষির জন্য পর্যাপ্ত পরিমাণে পাওয়া যাবে।

বিশেষ অতিথির বক্তব্যে আব্দুল মুয়ীদ চৌধুরী বলেন, কৃষিজমি রক্ষা করতে হলে যেখানে-সেখানে শহরের সম্প্রসারণ ও ভবন স্থাপন বন্ধ করতে হবে।

বৈঠকে বক্তব্য রাখেন নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক খন্দকার ফওজী মোহাম্মদ, ইউআরপি বিভাগের অধ্যাপক ড. সারোয়ার জাহান, নর্থসাউথ ইউনিভার্সিটির অধ্যাপক এটিএম নূরুল আমিন, নগর উন্নয়ন অধিদপ্তরের স্থাপত্য বিভাগের অধ্যাপক ড. শায়ের গফুর প্রমুখ।

---